# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 08-07-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় পাহাড়ে সেপ্টেম্বর মাস থেকেই ৫০ সদস্যের স্থায়ী অসামরিক প্রতিরক্ষা বাহিনী মোতায়েন করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

নবান্ন থেকে আজ ভার্চুয়ালি পুননির্মিত দুধিয়া বেইলি ব্রিজের উদ্বোধন করেন তিনি।

২) স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসাবে রাজ্য সরকার, সাফাই কর্মীদের হাতে স্বচ্ছ কবচ কিট তুলে দেবে।

৩) দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকার দেহ উদ্ধারের পর গণপিটুনী সহ তিনটি পৃথক মামলায় মোট ১৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের পুলিশের গুলিতে মৃত্যুর ঘটনায়, রাজনৈতিক চাপান উতোর তুঙ্গে।

৪) অবৈধ আর্থিক লেনদেনের অভিযোগে ইডি তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে থাকা ৪৪০ কোটি টাকা ফ্রিজ করেছে।

৫) কন্ঠস্বরের নমুনা প্রদান মামলায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী একাধিকবার হাজিরা এড়ানোয় কড়া অবস্থান নিয়েছে কলকাতা হাইকোর্ট।

৬) উত্তরবঙ্গে আগামী এক সপ্তাহ বৃষ্টির পূর্বাভাস।

---

বর্ষায় পাহাড়ে ভূমিধস ও প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় স্থায়ী বাহিনী মোতায়েনের পরিকল্পনা করেছে রাজ্য সরকার। দার্জিলিং পাহাড়ে আধুনিক সরঞ্জাম-সহ ৫০ সদস্যের স্থায়ী 'অসামরিক প্রতিরক্ষা বাহিনী' আগামী সেপ্টেম্বর মাস থেকেই মোতায়েন করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

নবান্ন থেকে আজ ভার্চুয়ালি দুধিয়া বেইলি ব্রিজের উদ্বোধন করে তিনি জানান, ভবিষ্যতে পাহাড়ে যেকোনও প্রাকৃতিক দুর্যোগের সময় দ্রুত উদ্ধার ও ত্রাণকার্য পরিচালনার লক্ষ্যেই এই বিশেষ বাহিনী গঠন করা হচ্ছে।

(বাইট- শুভেন্দু/ পাহাড়ে বাহিনী)

মুখ্যমন্ত্রী বলেন, এই বিশেষ ইউনিটে প্রাথমিক পর্যায়ে প্রাক্তন সেনাকর্মীদের অন্তর্ভুক্ত করা হবে। পরে অগ্নিবীরদেরও নিয়োগের পরিকল্পনা রয়েছে।

পাশাপাশি শুরু হয়েছেঅত্যাধুনিক এবং উন্নত মানের দুর্যোগ মোকাবিলা সরঞ্জাম সংগ্রহের কাজও।

রাজ্যে তিনটি পৃথক বিশেষ উদ্ধারকারী ইউনিট গড়ে তোলার কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। এর মধ্যে ১০০ সদস্যের একটি ইউনিট কলকাতায়, ৫০ জনের একটি ইউনিট সাগরদ্বীপে এবং দার্জিলিং-কালিম্পং-কার্শিয়াং পাহাড়ি অঞ্চলে আরও একটি ইউনিট মোতায়েন থাকবে। পুলিশ, দমকল ও ভারতীয় সেনাবাহিনীর সঙ্গে সমন্বয় রেখে এই বাহিনী উদ্ধার ও ত্রাণ কাজে অংশ নেবে।

উল্লেখ্য, গত ১৯ শে জুন প্রবল বর্ষণে বালাসন নদীর জলস্তর বেড়ে হিউম পাইপে তৈরি অস্থায়ী দুধিয়া সেতুর একাংশ ভেসে যায়। ঘটনার ২০ দিনের মধ্যে পুনর্নির্মিত বেইলি ব্রিজের আজ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

শ্রী অধিকারী আরও জানান, আগামী মার্চ মাসের মধ্যে কংক্রীটের দুধিয়া সেতু নির্মিত হবে। এর জন্য খরচ হবে তিপান্ন কোটি টাকা। সেতুটির দ্রুত সংস্কারের কাজ শেষ করার জন্যে তিনি পূর্ত দপ্তর ও সেনাবাহিনীকে শুভেচ্ছা জানান।

------------------

স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসাবে রাজ্য সরকার, সাফাই কর্মীদের সুরক্ষায় তাদের হাতে স্বচ্ছ কবচ কিট তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ কলকাতার আলিপুরের উত্তীর্ন প্রেক্ষাগৃহে এই কর্মসূচীর সূচনা করেন। তিনি বলেন,

আগামী দুমাসের মধ্যে রাজ্যজুড়ে ৫০ হাজার সাফাই কর্মীর হাতে রেনকোট, গামবুট, জ্যাকেট, গ্লাভস, টুপি সহ এই সুরক্ষা কিট তুলে দেওয়া হবে। প্রতি তিন মাস অন্তর করা হবে তাদের স্বাস্থ্য পরীক্ষা।

এছাড়াও পরিবেশ রক্ষায় রাজ্যে সাত কোটি গাছ লাগানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন।

এর আগে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, আগামী পয়লা সেপ্টেম্বর থেকে রাজ্যে যত্রতত্র ময়লা, আবর্জনা, থুতু ফেললে ২০০ টাকা জরিমানা করা হবে। রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে ব্যাগ ভেন্ডিং মেশিন বসানো হবে বলেও তিনি ফের জানান।

-----------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনাকে কেন্দ্র করে গণপিটুনীতে একজনের মৃত্যু, পুলিশের ওপর হামলা এবং সরকারি সম্পত্তি ভাঙচুরের তিনটি পৃথক মামলায় মোট ১৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এর মধ্যে গণপিটুনীর ঘটনায় ২ জন, পুলিশের ওপর আক্রমণের অভিযোগে ৯ এবং সরকারি সম্পত্তি ভাঙচুরের ঘটনায় ৭ জনকে ধরা হয়েছে। প্রথম ২ জনের দুদিনের এবং বাকিদের ৯ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

-----------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের পুলিশের গুলিতে মৃত্যুর ঘটনায়, রাজনৈতিক চাপান উতোর তুঙ্গে।

শাসক দল বিজেপি বলেছে, এর মধ্যে দিয়ে সরকার এক উদাহরণ তৈরী করলো। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, কোনো রাজনৈতিক নেতার আশ্রয়ে থেকেও, অপরাধীরা রেহাই পাবে না। মূল অভিযুক্তকে আড়াল করতেই এই এনকাউন্টার বলে তৃণমূল কংগ্রেসের দাবি খারিজ করে দিয়েছেন তিনি।

(বাইট- শমীক)

পূর্বতন সরকারের আমলে কামদুনি ঘটনার যথাযথ তদন্ত হয়নি, তাই এই ঘটনার পুনরায় তদন্তের দাবিও জানিয়েছেন তিনি।

তৃণমূল কংগ্রেসের বিদ্রোহী বিধায়ক, বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় গোষ্ঠী এই ঘটনায় সরকারের প্রশংসা করেছে। এই প্রসঙ্গে তাঁরা মমতা ব্যানার্জী সরকারের আনা ‘অপরাজিতা বিল’-এর কথা উল্লেখ করেন। তবে, মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র, প্রভাসের মৃত্যুর ঘটনাকে উত্তরপ্রদেশের সঙ্গে তুলনা করে অভিযোগ করেছেন, এরাজ্যেও শুরু হয়েছে ‘জঙ্গলরাজ’।

এদিকে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আজ বারুইপুরে নিহত নাবালিকার পরিবারের সঙ্গে দেখা করেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ও পুলিশের আধুনিক প্রশিক্ষণের ওপর জোর দেন।

(বাইট- অধীর)

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, হাইকোর্টের বর্তমান বিচারপতিকে দিয়ে গোটা ঘটনার তদন্তের দাবি জানিয়েছেন।

সম্পূর্ণ ঘটনার নিরপেক্ষ বিচারবিভাগীয় তদন্তের দাবি জানিয়েছেন সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তীও।

-----------------

মৃত মেয়েটির বাবা প্রশাসন ও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ওপর পূর্ণ আস্থা রয়েছে বলে জানিয়েছেন।

বাইট বাবা

এদিকে, প্রভাসের মা সন্ধ্যা মন্ডল জানিয়েছেন, তাঁর ছেলে নিজের অপরাধের উপযুক্ত শাস্তি পেয়েছে।

আগেই জানানো হয়েছে, গতরাতে সূর্যপুরে অকুস্থলে প্রভাসকে নিয়ে পুলিশ ঘটনার পুনর্নির্মাণে গেলে এক পুলিশ কর্মীর বন্দুক ছিনিয়ে সে পালানোর চেষ্টা করে বলে

অভিযোগ। পুলিশকে লক্ষ্য করে এক রাউন্ড গুলিও চালায় সে। এরপরই আত্মরক্ষার্থে পুলিশ পাল্টা গুলি চালালে নিহত হয় অভিযুক্ত।

এদিকে, এই ঘটনায় কবীর মোল্লা নামে আরও একজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

-----------------

বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুন, তৃণমূল কংগ্রেস কর্মীদের ওপর আক্রমণ, নিটের প্রশ্ন ফাঁস সহ একাধিক ঘটনার প্রতিবাদে কলকতায় তৃণমূল কংগ্রেসের ছাত্র ও যুব সংগঠনের মিছিলকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। দুপুরে বালিগঞ্জ ফাঁড়ি থেকে হাজরা মোড় পর্যন্ত এই মিছিল শুরু হওয়ার পরই বিজেপি কর্মীরা তাদের লক্ষ্য করে চোর স্লোগান দেয় বলে অভিযোগ। কিছুক্ষণ পর দুপক্ষের মধ্যে বচসা ও হাতাহাতি বাঁধে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশ বাহিনী। বেশ কয়েকজন তৃণমূল কংগ্রেস কর্মী আহত হয়েছেন বলে দলের পক্ষ থেকে দাবি করা হয়েছে। দলনেত্রী প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ করেছেন। তিনি অভিযোগ করেন, আদালতের অনুমতি নিয়ে মিছিল করার পরেও পুলিশের উপস্থিতিতেই দলের নেতা কর্মীদের হেনস্থা করা হয়েছে। পুলিশ আইনশৃঙ্খলা রক্ষায় ব্যর্থ বলে দাবি করেন তিনি।

------------------

পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘিতে এক আদিবাসী মহিলাকে গণধর্ষণ করে খুনের অভিযোগে পুলিশ সেখ আজিজুল ও সেখ ভদাই নামে দুজনকে গ্রেপ্তার করেছে।

উল্লেখ্য, একটি মাঠ থেকে গতকাল বছর পঁচিশের এক আদিবাসী গৃহবধূর দেহ উদ্ধার হয়।

------------------

এনফোর্সমেন্ট নির্দেশনালয় (ইডি) তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে থাকা ৪৪০ কোটি টাকা ফ্রিজ করেছে। অবৈধ আর্থিক লেনদেন এবং সন্দেহজনক তহবিল স্থানান্তরের অভিযোগের প্রেক্ষিতেই এই পদক্ষেপ। অর্থপাচার এর অভিযোগের তদন্তে ইডি গতকাল কলকাতায় পাঁচটি স্থানে তল্লাশি চালায়। একটি বেসরকারি বিমান চালনা সংস্থার অফিসেও তল্লাশি চলে। তদন্তে উঠে এসেছে যে, ২০২৩ সালের এপ্রিল থেকে ২০২৬ সালের জুনের মধ্যে তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে ওই বেসরকারি সংস্থা এবং কয়েকটি সহযোগী প্রতিষ্ঠানে প্রায় ১৬০ কোটি টাকা সরানো হয়েছিল।

------------------

তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে লেনদেন বন্ধ করার মামলায় প্রাক্তন বিচারপতি সুব্রত তালুকদারের নেতৃত্বে কমিটি গঠন করা হতে পারে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ জানিয়েছেন, বিচারপতি তালুকদারের ছেলে এই মামলায় এক পক্ষের হয়ে সওয়াল করছেন। তাই তাকে এই কমিটির দায়িত্ব দেওয়ার ব্যাপারে কারও আপত্তি থাকলে আগামীকালের শুনানিতে তা জানাতে বলেছেন, বিচারপতি। সব পক্ষের বক্তব্য শোনার পরই এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

অন্যদিকে, মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে আইনজীবী কিশোর দত্ত আরো বেশ কয়েকটি অ্যাকাউন্টে লেনদেন বন্ধ নিয়ে আদালতে হলফনামা দিতে চাইলে, বিচারপতি আগামীকাল তা দিতে বলেছেন।

উল্লেখ্য, দলের অভ্যন্তরীন টানাপোড়েনের কথা উল্লেখ করে তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকউন্ট ফ্রিজ করার আবেদন জানিয়েছিলেন, প্রাক্তন কোষাধ্যক্ষ অরূপ বিশ্বাস। এরপর দক্ষিণ ২৪ পরগণার এক বিধায়ক সাইবার প্রতারণার টাকা দলের কিছু ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢুকেছে বলে অভিযোগ করেন। সেই ভিত্তিতে পুলিশের নির্দেশে ব্যাঙ্ক কর্তৃপক্ষ দলের তিনটি অ্যাকাউন্টে টাকা লেনদেন বন্ধ করে দেয়।

-----------------

বিধানসভা নির্বাচনের প্রচারে উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী কন্ঠস্বরের নমুনা দেওয়ার জন্য আজও বিধাননগর আদালতে উপস্থিত হননি। এই নিয়ে দ্বিতীয়বার হাজিরা এড়ালেন তিনি। সিআইডি আধিকারিক এবং কন্ঠস্বর নমুনা সংগ্রহ বিশেষজ্ঞরা প্রায় দু ঘন্টা আদালতে অপেক্ষা করেন। সরকার পক্ষের আইনজীবী আদালতে দাবি করেন, তদন্ত প্রক্রিয়াকে বিলম্বিত করার জন্যই এই কাজ করছেন অভিষেক। আগামী ১৮ ই জুলাই তাকে হাজির হতে চূড়ান্ত সময়সীমা বেঁধে দিয়েছে আদালত।

-----------------

বিদেশ থেকে আসা শরনার্থীরা  ভারতীয় নাগরিকত্ব পাওয়ার পরেও অন্যান্য শংসাপত্রের জন্য নাম নথিভুক্ত করতে গিয়ে সমস্যায় পড়ছেন, এই অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া একটি মামলায় কেন্দ্রের অবস্থান জানতে চেয়েছে আদালত। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ, আগামী ৩১ শে জুলাই, এই সমস্যার সমাধানে কেন্দ্রকে তাদের বক্তব্য জানাতে বলেছে।

আবেদনকারী একটি স্বেচ্ছাসেবী সংস্থার দাবি, বেশকিছু শরনার্থী ভারতীয় নাগরিকত্ব লাভ করলেও ভোটার কার্ড, আধার কার্ড, পাসপোর্ট ও অন্যান্য নথির জন্য

আবেদন জানাতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এই বিষয়ে কোনো সুস্পষ্ট নির্দেশিকা না থাকায় আদালতের হস্তক্ষেপ দাবি করেন তারা। এরপরই কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল ধীরজ ত্রিবেদী আদালতের কাছে বক্তব্য জানাতে সময় চেয়ে নেন।

-----------------

উত্তর চব্বিশ পরগণার সোদপুরে প্রকাশ্য রাস্তায় স্ত্রীকে কুপিয়ে খুনের পর স্বামীর আত্মহননের চেষ্টার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। কাঁচকলে স্কুল মোড়ে সাইকেলে করে স্টেশন যাওয়ার পথে গীতা দাস নামে বছর ৩৩ এর ঐ মহিলাকে আচমকাই ধারালো অস্ত্র দিয়ে এলোপাথারি কোপাতে শুরু করে তার স্বামী সুভাষ। এরপরই নিজেকে আঘাত করে সে। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেও মৃত্যু হয় গীতার। গুরুতর আহত অবস্থায় অভিযুক্ত সাগরদত্ত মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

-----------------

অনুকূল বায়ু প্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে আগামী এক সপ্তাহ উত্তরবঙ্গে বৃষ্টির পূর্বাভাস। দার্জিলিং জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় আজ অত্যন্ত ভারী বৃষ্টির লাল সর্তকতা এবং কোচবিহার ও কালিম্পং জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। আগামীকালও হিমালয় সন্নিহিত ৫

জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। দার্জিলিং এবং কালিম্পং পাহাড়ি এলাকায় রয়েছে ভূমিধসের সর্তকতাও ।

এদিকে দক্ষিণবঙ্গে আগামীকাল উত্তর ও দক্ষিণ 24 পরগনা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

----------------- -----------------